Office of the Registrar
**Jatiya Kabi Kazi Nazrul Islam University**
Trishal, Mymensingh-2224, Bangladesh
Phone: 02-996676404
Fax: 02-996676400
Web: www.jkkniu.edu.bd

রেজিস্ট্রারের কার্যালয়
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৭৬৪০৪
ফ্যাক্স: ০২-৯৯৬৬৭৬৪০০
ওয়েবসাইট: www.jkkniu.edu.bd

স্মারক নং: জাককানইবি/রেজি:/নবিজনি/১৬৩২/২২/২৫১৫

তারিখ: ২৬/০৬/২০২৫ ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

এই বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নলিখিত স্থায়ী/অস্থায়ী পদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স (বছর) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>বেতন স্কেল-৩য় গ্রেড (৫৬৫০০-৭৪৪০০/-) | ০১টি | অনুর্ধ্ব ৫০ বছর | শিক্ষাগত যোগ্যতা:<br>প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কন্সট্রাকশন ম্যানেজমেন্ট/ অর্থনীতি/ গণিত/ পরিসংখ্যান/ ব্যবসা প্রশাসন/ লোকপ্রশাসন-এ ০৪ (চার) বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/০৩ (তিন) বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/ পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/ পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী/বি গ্রেড থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>অভিজ্ঞতা:<br>বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে প্রকল্প প্রণয়ন/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসেবে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/ সমমানের পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। ২০/০১/২০২৫ এবং ১৫/০৪/২০২৫ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে যারা উক্ত পদে দরখাস্ত করেছেন তাদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই। |
| ০২। | পরিচালক (শারীরিক শিক্ষা)<br>বেতন স্কেল-৩য় গ্রেড (৫৬৫০০-৭৪৪০০/-) | ০১টি | অনুর্ধ্ব ৪৫ বছর | ক) প্রার্থীকে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ সহ স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ডিগ্রিসহ শারীরিক শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যে কোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণী প্রাপ্তদের/পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।<br>খ) বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষা বিষয়ে ও প্রশাসনিক কাজে কর্মকর্তা হিসেবে অথবা শারীরিক শিক্ষা বিষয়ে শিক্ষকতা ও গবেষণা কাজে কমপক্ষে ১৪ বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে কোন বিশ্ববিদ্যালয়/খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠানে উপ-পরিচালক হিসেবে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়। ১৫/০৪/২০২৫ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে যারা উক্ত পদে দরখাস্ত করেছেন তাদের পুনরায় দরখাস্ত করার প্রয়োজন নেই। |
| ০৩। | সহযোগী অধ্যাপক<br>বেতন স্কেল-৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০/-)<br>ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ<br>(উক্ত পদে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে এই পদের বিপরীতে সহকারী অধ্যাপক নিয়োগ করা হবে।) | ০১টি | | সহযোগী অধ্যাপক এর ক্ষেত্রে:<br>ক) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৪০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।<br>গ) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। |
| | | | | সহকারী অধ্যাপক এর ক্ষেত্রে:<br>ক) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৪০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।<br>গ) স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। |

Office of the Registrar
**Jatiya Kabi Kazi Nazrul Islam University**
Trishal, Mymensingh-2224, Bangladesh
Phone: 02-996676404
Fax: 02-996676400
Web: www.jkkniu.edu.bd

রেজিস্ট্রারের কার্যালয়
**জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়**
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৭৬৪০৪
ফ্যাক্স: ০২-৯৯৬৬৭৬৪০০
ওয়েবসাইট: www.jkkniu.edu.bd

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | সহযোগী অধ্যাপক<br>বেতন স্কেল-৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০/-)<br>দর্শন বিভাগ<br>(উক্ত পদে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে এই পদের বিপরীতে প্রভাষক নিয়োগ করা হবে।) | ০১টি | | সহযোগী অধ্যাপক এর ক্ষেত্রে:<br>ক) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।<br>গ) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। |
| | | | | প্রভাষক এর ক্ষেত্রে:<br>ক) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/সিজিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। |
| ০৫। | সহকারী অধ্যাপক/প্রভাষক<br>বেতন স্কেল-৬ষ্ঠ গ্রেড (৩৫৫০০-৬৭০১০/-)<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ<br>(শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী) | ০২টি | | সহকারী অধ্যাপক এর ক্ষেত্রে:<br>ক) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে।<br>ঘ) স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ছ) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে। |
| | | | | প্রভাষক এর ক্ষেত্রে:<br>ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় পৃথকভাবে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>ঘ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে। |

Office of the Registrar
Jatiya Kabi Kazi Nazrul Islam University
Trishal, Mymensingh-2224, Bangladesh
Phone: 02-996676404
Fax: 02-996676400
Web: www.jkkniu.edu.bd

ত্রিশাল, ময়মনসিংহ

রেজিস্ট্রারের কার্যালয়
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৭৬৪০৪
ফ্যাক্স: ০২-৯৯৬৬৭৬৪০০
ওয়েবসাইট: www.jkkniu.edu.bd

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬। | প্রভাষক<br>বেতন স্কেল-৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০/-)<br>দর্শন বিভাগ-০১টি<br>(শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী)<br>ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ-০২টি<br>(সহযোগী অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী ০১টি ও শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী-০১টি)<br>এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১টি<br>(শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী)<br>পরিসংখ্যান বিভাগ-০১টি<br>(শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী)<br>পপুলেশন সায়েন্স বিভাগ-০২টি<br>(শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী)<br>ব্যবস্থাপনা বিভাগ-০১টি<br>(শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী)<br>নৃবিজ্ঞান বিভাগ-০২টি<br>(শিক্ষাছুটির বিপরীতে অস্থায়ী) | ১০টি | | ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় পৃথকভাবে কমপক্ষে জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>ঘ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে।<br>দর্শন বিভাগ এর ক্ষেত্রে :<br>ক) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/সিজিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।<br>ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ এর ক্ষেত্রে :<br>ক) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। (সংশ্লিষ্ট বিষয় বলতে ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ /ফিল্ম এন্ড টেলিভিশন/নাট্যকলা /গণমাধ্যম ও সাংবাদিকতা বিষয় বুঝাবে)<br>খ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।<br>গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে।<br>এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এর ক্ষেত্রে :<br>ক) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। (সংশ্লিষ্ট বিষয় বলতে এনভায়রনমেন্টাল সায়েন্স/ এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং /এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয় বুঝাবে)<br>খ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে।<br>ব্যবস্থাপনা বিভাগ এর ক্ষেত্রে :<br>ক) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে একটিতে ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং অন্যটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) স্নাতক সম্মান ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৭০ থাকতে হবে।<br>ঘ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে।<br>নৃবিজ্ঞান বিভাগ এর ক্ষেত্রে :<br>ক) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে। |

শর্তাবলী :

০১। আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪ বরাবরে আগামী ১৭/০৭/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে জমা দিতে হবে। আবেদনের শর্তাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd ভিজিট করুন।

০২। প্রার্থীকে আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে :
(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (শিক্ষকদের জন্য) এর সত্যায়িত অনুলিপি।
(খ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি।
(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
(ঘ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

০৩। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। প্রাপ্ত আবেদনসমূহ বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে নিয়োগ বাছাই বোর্ডে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক পিএলসি, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে ক্রমিক নং ০১ হতে ০৬ পদের জন্য ২০০/-টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৮। উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

০৯। প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১০। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

১৪। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।

১৫। নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে কোনো তথ্য ও সার্টিফিকেট ভূঁয়া বা মিথ্যা প্রমানিত হলে তার আবেদন/প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

(প্রফেসর ড. মো. মিজানুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪।
ফোন-০২-৯৯৬৬৭৬৪০৪